দগ্ধ ২৫ জনের অবস্থাও আশঙ্কাজনক

নারায়ণগঞ্জে মসজিদে বিস্ফোরণে দগ্ধদের মধ্যে এপর্যন্ত ১২ জনের মৃত্যু হয়েছে। দগ্ধ হয়ে এখনো শেখ হাসিনা বার্ন ইনস্টিটিউটে চিকিৎসাধীন ২৫ জন। তবে তাঁদের অবস্থাও আশঙ্কাজনক।

শেখ হাসিনা বার্ন ইনস্টিটিউটের প্রধান সমন্বয়ক ডা. সামন্ত লাল সেন বিষয়টি নিশ্চিত করেছেন। বেশিরভাগের শ্বাসনালীসহ শরীরের ৯০ শতাংশের বেশি পুড়ে গেছে বলেও জানান তিনি।

ডা. সামন্তলাল সেন বলেন, গুরুতর দগ্ধ আরো ২৫ জনের অবস্থা আশঙ্কাজনক। আমরা সর্বোচ্চ চেষ্টা করছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা দগ্ধদের সর্বোচ্চ চিকিৎসা দেয়ার নির্দেশনা দিয়েছেন। তিনি গভীর শোকও প্রকাশ করেছেন।

যে ২৫ জন হাসপাতালে চিকিৎসাধীন তাঁরা হলেন ফরিদ (৫৫), শেখ ফরিদ (২১), মনির (৩০), মাইনুদ্দিন (১২), মো. রাশেদ (৩০), নয়ন (২৭), আবুল বাশার মোল্লা (৫১), বাহার উদ্দিন (৫৫), শামীম হাসান (৪৫), জয়নাল (৫০), মো. আলী মাস্টার (৫৫), মো. কেনান (২৪), নজরুল ইসলাম (৫০), রিফাত (১৮), আব্দুল আজিজ (৪০), মিজান (৪০), নাদিম (৪৫), হান্নান (৫০), আব্দুস সাত্তার (৪০), জুলহাস উদ্দিন (৩০), আমজাদ (৩৭), আব্দুল মালেক (ইমাম) (৬০), কাঞ্চন হাওলাদার (৫০), মামুন (২৩) এবং ইমরান (৩০)।

আর এপর্যন্ত যে ১২ জন মারা গেছেন তাঁরা হলেন মসজিদের মুয়াজ্জিন দেলোয়ার (৪৮), ইব্রাহিম (৪৩), জুনায়েদ (১৭), জামাল (৪০), কুদ্দুস ব্যাপারে (৭২), সাব্বির (২১), হুমায়ুন (৭০), মোস্তফা কামাল (৩৪), জুবায়ের (১৮), জুয়েল (৭) এবং মো. রাসেল (৩৪)। এরমধ্যে জুয়েল, দেলোয়ার ও ইব্রাহিম গতরাতে মারা গেছেন বলে কালের কণ্ঠকে জানিয়েছেন শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের সহযোগী অধ্যাপক ডা. মোহাম্মদ হোসাইন ইমাম।

গতকাল শুক্রবার (৪ সেপ্টেম্বর) রাত পৌনে ৯টার দিকে নারায়ণগঞ্জ সদর উপজেলার ফতুল্লার পশ্চিম তল্লা বাইতুস সালাম জামে মসজিদে শীতাতপ নিয়ন্ত্রণ যন্ত্র-এসিতে বিস্ফোরণের ঘটনা ঘটে। এতে গুরুতর

দগ্ধ ৩৭ জনকে শেখ হাসিনা জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে ভর্তি করা হয়।

সূত্র- কালের কন্ঠ

মসজিদে অগ্নিদগ্ধ আরও এক যুবকের মৃত্যু

নারায়ণগঞ্জ শহরের বায়তুস সালাত জামে মসজিদে গ্যাসের লিকেজ থেকে বিস্ফোরণের ঘটনায় অগ্নিদগ্ধ আরও এক যুবকের মৃত্যু হয়েছে।

শনিবার বেলা ১১টার দিকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে স্থাপিত শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।

বিস্ফোরণের ঘটনায় এ পর্যন্ত শিশু ও মুয়াজ্জিনসহ মোট ১২ জনের মৃত্যু হলো। এছাড়া দগ্ধ আরও ২৫ জনের অবস্থা আশঙ্কাজনক।

শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আবাসিক চিকিৎসক পার্থ শংকর পাল যুগান্তরকে বলেন, সকালে রাশেদ
(৩০) নামে অগ্নিদগ্ধ আরও এক ব্যক্তি মারা গেছেন।

নিহতরা অন্যরা হলেন- মুয়াজ্জিন দেলোয়ার হোসেন (৪৫), সাব্বির (২২), জুয়েল (১৮), জামাল (৪০), জুবায়ের (৭), হুমায়ন কবির (৭০), মোস্তফা কামাল (৩৪), ইব্রাহিম (৪৩), রিফাত (১৮), জুনায়েদ (১৭) ও কুদ্দুস বেপারী (৭০)।

গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টার দিকে নারায়ণগঞ্জ শহরের পশ্চিম তল্লা এলাকায় বায়তুস সালাত জামে মসজিদে বিকট শব্দে বিস্ফোরণ ঘটে। এতে অর্ধশতাধিক মুসল্লি দগ্ধ হন।

দগ্ধ ব্যক্তিদের মধ্যে ৩৭ জনকে গুরুতর অবস্থায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। তাদের মধ্যে ১২ জনের মৃত্যু হলো।

বিস্ফোরণে মসজিদের ছয়টি এসি পুড়ে গেছে। জানালার কাচ উড়ে গেছে। ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ঘটনাস্থলে এসে আধা ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।

সূত্র- যুগান্তর

মেহেরপুরের রাইপুরে সামাজিক উন্নয়ন সংগঠনের বৃক্ষ রোপণ

মেহেরপুর সদর উপজেলার রাইপুর গ্রামের রাইপুর সামাজিক উন্নয়ন সংগঠনের উদ্যোগে রেমিট্যান্স যোদ্ধাদের অর্থয়নে ও বন বিভাগের সহোযোগিতায় বৃক্ষ রোপণ ২০২০ এর উদ্বোধন করা হয়েছে।

শুক্রবার সকালে আমদহ ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা জাফর উল্লাহ, ইউপি সদস্য কাবুল আলী, তরিকুজ্জামান রিপন, হায়দার, মেহেদি হাসান পলাশ, লিল্লু, রাইপুর সামাজিক উন্নয়নের সভাপতি, সেক্রেটারি সহ কমিটির সকল সদস্যবৃন্দ।

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ফেরদৌস রিয়াজ জিল্লুর দাফন সম্পন্ন

দৈনিক দিনের খবর পত্রিকার সম্পাদক ও প্রকাশক ফেরদৌস রিয়াজ জিল্লু (৩৮) আর নেই(ইন্না-লিল্লাহি ওয়া ইন্নাইলাহি রাজিউন)।

এছাড়াও তিনি জাতীয় দৈনিক গণকন্ঠ পত্রিকার কুষ্টিয়া জেলা প্রতিনিধি হিসেবে কাজ করতেন। ৪সেপ্টেম্বর শুক্রবার (আজ) রাত ২ টা ৩০ মিনিটে ঢাকায় নেয়ার পথে গোয়ালন্দ ঘাটের কাছে সে মৃত্যুবরণ করে। মৃত্যুকালে তিনি স্ত্রী, পুত্র, কন্যা, পিতা-মাতাসহ অসংখ্য আত্মীয় স্বজন রেখে গেছে।

পরিবার সুত্রে জানা যায়, ৩সেপ্টেম্বর (বৃহস্পতিবার) সন্ধায় গুরুত্বর অসুস্থ্য হলে তাকে কুষ্টিয়া ২৫০ শয্যার হাসপাতালে নিয়ে আসা হয়। সেখানে ২ নং ওয়ার্ডে চিকিৎসাধীন অবস্থায় তার অবস্থার অবনতি হলে চিকিৎসক তাকে ঢাকায় প্রেরণের পরামর্শ দেন।

এর পর রাতেই অ্যাম্বুলেন্স যোগে ঢাকায় নেয়ার পথে সে মৃত্যুবরণ করে। প্রয়াত সাংবাদিক ফেরদৌস রিয়াজ জিল্লুর মৃত্যুতে কুষ্টিয়ার সাংবাদিকেরা গভীর ভাবে শোক প্রকাশ করেন। মরহুমের জানাযা নামাজ বাদ জুম্মা শহরের জিকে মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়ে পরে পৌর গোরস্তানে দাফন সম্পন্ন হয়।

জীবননগর সাংবাদিকদের সাথে উপজেলা চেয়ারম্যানের মতবিনিময়

জীবননগর উপজেলা চেয়ারম্যান হাফিজুর রহমান ও ভাইস চেয়ারম্যান আয়েশা সুলতানা লাকি হাসাদাহ প্রেসক্লাবে পরিদর্শন করে সাংবাদিকদের সাথে মতবিনিময় করেন।

গতকাল শুক্রবার বিকালে হাসাদাহ প্রেসক্লাবের সভাপতি সাংবাদিক ডি. এম. মতিয়ার রহমানের সভাপতিত্বে এক মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়।

বক্তব্যে হাফিজুর রহমান বলেন, দেশকে মহামারী করোনা ভাইরাস থেকে রক্ষা করার জন্য সবাইকে একসাথে কাজ করতে হবে। যেমন: মাস্ক পরিধান করা, সামাজিক দূরত্ব বজায় রেখে চলাচল করা, বারবার সাবান দিয়ে হাত ধৌত করা। এভাবেই আমরা করোনা ভাইরাস থেকে রক্ষা পেতে পারি।

এছাড়াও বক্তব্য রাখেন আয়েশা সুলতানা লাকি ও সহ-সভাপতি শামসুল

আলম। এসময় উপস্থিত ছিলেন প্রেসক্লাবের সাধারণ সম্পাদক মনিরুজ্জামান রিপন, সহ-সাধারণ সম্পাদক মুন্সী কবীর হোসেন, কোষাধ্যক্ষ বদরুজ্জামান শ্যামল, দপ্তর ও প্রচার সম্পাদক আল-আমিন হোসেন, কার্যকরী সদস্য কবির আহম্মেদ, বিপুল রহমান, লিমন হুসাইন প্রমুখ।

দর্শনায় কৃষিতে নিরব বিপ্লবের কারিগর উপ-সহকারী কৃষি কর্মকর্তা পল্লব

চুয়াডাঙ্গা জেলার দর্শনার কৃতিসন্তান উপ সহকারী কৃষি কর্মকর্তা রবিউল কবির পল্লব একের পর এক অবদান রেখে চলেছেন কৃষি ক্ষেত্রে ।

জানা গেছে ২০১৪ সালে দর্শনার হঠাৎপাড়া রেলগেট থেকে শান্তি পাড়ার সুগন্ধা মাঠ পর্যন্ত প্রায় দুই কিলোমিটার রাস্তায় নিজ খরচে লেবু গাছ রোপন করেছেন।

জানা গেছে তিনি ২০১৪ থেকে ২০২০ পর্যন্ত এই বৃক্ষরোপনের কাজে সহযোগিতা করে আসছেন। দুই কিলোমিটার রাস্তায় আনুমানিক ৪০০ কাগজি লেবু তিনি লাগিয়েছেন। উন্মুক্ত ভাবে এলাকাবাসী ৪০০ গাছের লেবু উপভোগ করছেন। এই ৪০০ লেবু গাছ লাগিয়ে তিনি দর্শনার মানুষের কাছে দৃষ্টান্ত স্থাপন করেছেন। এই মহৎ কাজ করার জন্য দর্শনা বাসী উপসহকারী কৃষি কর্মকর্তা রবিউল কবির পল্লবকে অনেক সাধুবাদ জানিয়েছেন।

রবিউল কবির পল্লব উপ সহকারী কৃষি কর্মকর্তা বর্তমানে ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলায় কর্মরত আছেন। সেখানেও তিনি কমলা চাষ, লেবু চাষ, ড্রাগন ফল চাষ, পেয়ারা চাষ সহ বিভিন্ন নতুন নতুন চাষ পদ্ধতিতে চাষীদের সহযোগিতা করেছেন এবং তাদেরকে সফল হতে সাহায্য করেছেন। তার সহযোগিতায় চাষবাস করে অনেক চাষী নিজের ভাগ্যের চাকা পরিবর্তন করে অর্থনৈতিকভাবে লাভবান হয়ে গিয়েছেন এবং ওই সকল চাষির কাছে দৃষ্টান্ত লাভ করেছেন এই উপ সহকারী কৃষি কর্মকর্তা রবিউল

কবির পল্লব।

যার ফলে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে কমলা চাষের উপর একটি স্মারক ক্রেস্ট গত ২১ আগস্ট ঝিনেদাহ জেলার ৩ আসনের এমপি শফিকুল আজম খান চঞ্চল উপজেলা প্রশাসনের পক্ষ থেকে তাকে একটি ক্রেস্ট প্রদান করেন। সবশেষে এই কৃষি উপ সহকারী কৃষি কর্মকর্তা রবিউল কবির পল্লব বলেন ভবিষ্যতে সকলের দোয়ায় আমি আরো ফলের গাছ রোপণ করতে চাই এবং কৃষি ক্ষেত্রে নতুন কিছু করতে চাই।

সাহারবাটিতে মোটর শ্রমিক ও ইমারত শ্রমিকদের মধ্যে প্রীতি ফুটবল ম্যাচ

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটিতে মোটর শ্রমিক ইউনিয়ন ফুটবল একাদশ ও ইমারত নির্মাণ শ্রমিক ফুটবল একাদশ এর প্রীতি ফুটবল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেল ৪ টার সময় গাংনী উপজেলা মটর শ্রমিক ইউনিয়ন ও ইমারত নির্মাণ শ্রমিক সমিতি’র মাঝে এ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়। সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক এ ফুটবল খেলার আয়োজন ও প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন ঘোষণা করেন।

১ ঘন্টা ৩০ মিনিট খেলা শেষে ইমারত নির্মাণ শ্রমিক সমিতির খেলোয়াড়রা ৩-০ গোলে মটর শ্রমিক ইউনিয়ন কে পরাজিত করে।

খেলায় ম্যান অফ দ্যা ম্যাচ হবার গৌরব অর্জন করেন খেলোয়ার রাসেল, সেরা গোলদাতা ইমরান আলী, সেরা গোলরক্ষক আব্দুর রাজ্জাক ও সেরা ডিফেন্ডার দিলবার হোসেন। পরে উভয় দলের সকল খেলোয়ারকে সম্মাননা মেডেল ও সম্মিলিতভাবে নিজ নিজ দলের ট্রফি প্রধান অতিথির নিকট থেকে গ্রহণ করে। এ সময় জেলা ট্রাক শ্রমিক ইউনিয়নের সভাপতি কদর আলী, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন, কোষাধ্যক্ষ জুয়েল, উপজেলা

ইমারত শ্রমিক ইউনিয়নের সভাপতি হাফিজুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক আরিফুজ্জামান, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রায়হান উজ্জামান নিরবসহ এলাকার ক্রীড়ামোদীরা উপস্থিত ছিলেন।

খেলার মাঠের চতুর্দিকে দর্শকদের উপচে পড়া ভিড় এ খেলা পরিচালনা করেন ফুটবল মাঠের সাধারণ সম্পাদক আরাফাত হোসেন শাহীন। তাকে সহযোগিতা করেন মাসুম ও বাচ্চু। ধারাবিবরণীতে ছিলেন মোশারফ হোসেন ও সাহাবুল ইসলাম।

সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুকের গণসংযোগ

বর্তমান সরকারের স্থানীয় সরকার মন্ত্রণালয়ের অধীনে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন ও কর্মকাণ্ড জনসম্মুখে তুলে ধরতে ব্যাপক প্রচার প্রচারণা ও গণসংযোগ অব্যাহত রেখেছেন গাংনীর সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান গোলাম ফারুক।

স্থানীয় সরকারের সার্বিক সহযোগিতা ও সকল সেবা নিশ্চিত করতে এ গণসংযোগ ও প্রচার অভিযান শুরু করেছেন তিনি। ইউনিয়ন পরিষদের সকল সেবা প্রান্তিক জনগোষ্ঠী কতটুকু পেয়েছেন,কতটুকু প্রয়োজন তা জনগণকে মুখোমুখি করতে এই প্রচার অভিযান।

শুক্রবার রাতে ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড এর কয়েকটি গ্রামের পাড়া- মহল্লা ও চায়ের দোকানে গণসংযোগ করা হয়। এসময় ৬ নম্বর ওয়ার্ডের গণ্যমান্য ব্যক্তিদের নিয়ে মতবিনিময় করেন। বর্তমান সরকার দেশ পরিচালনার ক্ষেত্রে প্রতিটি গ্রামকে শহরে পরিণত করার যে উদ্যোগ গ্রহণ করেছে তা অনেকাংশেই বাস্তবায়ন হচ্ছে এবং চলমান রয়েছে।

এ সরকারের আমলে ইউনিয়নের হাটবাজার গুলোর ব্যাপক উন্নয়ন হয়েছে উল্লেখ করে ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক বলেন, বিগত সরকারের আমলে রাস্তাঘাট ও হাট-বাজার গুলি ছিল খাদ্যকে ভরা। বর্তমানে গ্রামের রাস্তাগুলি হেরিং করা হয়েছে। ইউনিয়ন পরিষদের সহযোগিতায় এবং প্রস্তাবনায় ভাটপাড়া বাজারে কয়েক কোটি টাকা ব্যয়ে সরকারি

অর্থায়নে মার্কেট নির্মাণ করা হচ্ছে। যা চলতি মাসের মধ্যেই নির্মাণ কাজ শেষ হবে।

মার্কেট নির্মাণ শেষ হলে এলাকার অনেক বেকার শিক্ষিত যুবকদের কর্মসংস্থান হবে। মেহেরপুর জেলার একমাত্র দর্শনীয় স্থান সাহারবাটি ইউনিয়নের ভাটপাড়া জেলা প্রশাসক ইকোপার্ক ইতিমধ্যেই পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে উঠছে।সেখানেও ইউনিয়ন পরিষদ এর গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। ইজিপিপি প্রকল্পের অর্ধশত শ্রমিক কাজ করে ইকোপার্ক এর সমস্ত জায়গা দর্শনীয় করে তুলছে।

জলাবদ্ধতা নিরসনের জন্য ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গ্রামের কালভার্ট নির্মাণ করা হয়েছে। এমন অসংখ্য উন্নয়ন যা মানুষ উপকৃত হচ্ছে। এই উন্নয়ন গুলি জনগণের মধ্যে প্রচার ও জানান দেওয়া দরকার বলেও মনে করেন এই ইউনিয়ন প্রধান।

এছাড়াও বয়স্ক বিধবা ভাতা এবং প্রতিবন্ধী ভাতা সুবিধা পাচ্ছে ইউনিয়ন বাসী। ইউনিয়নের সকল সুবিধা ও অসুবিধার কথা মানুষ একসময় বলতে পারতো না। বর্তমানে মানুষ নির্ভয় বলতে পারছে এবং প্রতিবাদ করতে পারছে।আমরা জনপ্রতিনিধি হিসেবে জনগণের সুবিধা এবং অসুবিধা বিষয়টি বিবেচনায় রেখে বিভিন্ন উন্নয়নমূলক কাজ অব্যাহত রেখেছি।

আলমডাঙ্গার লক্ষিপুরে মসজিদ কমিটি নিয়ে উত্তেজনা, ইটপাটকেল নিক্ষেপ

আলমডাঙ্গার হারদী ইউনিয়নের লক্ষিপুর গ্রামে মসজিদের কমিটি গঠনকে কেন্দ্র করে দুই পক্ষের মধ্যে চরম উত্তেজনা দেখা দেয়। ইটপাটকেল নিক্ষেপ ও মুসল্লিদের মিছিল করার ঘটনাও ঘটে। শুক্রবার জুম্মার নামাজের সময় ওইসব ঘটনা ঘটে। এ সময় পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

জানা গেছে, হারদী ইউনিয়নের লক্ষিপুর গ্রামের জামে মসজিদে

দীর্ঘদিন যাবৎ কোন পরিচালনা কমিটি না থাকায় গ্রামের মুসল্লিরা সম্প্রতি কমিটি গঠনের উদ্যেগ নেন। এ নিয়েই বাঁধে ফ্যাসাদ। গ্রামের লালন আলীর পুর্ব পুরুষরা মসজিদের জমি দান করে যাওয়ায় তারাই মসজিদের সবকিছু দেখভাল করে আসছিলেন।

সম্প্রতি গ্রামে মসজিদের জন্য নতুন কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হয়। এতে বাঁধা দিতে থাকে লালনের পরিবার। কমিটিতে তারা আসতে চান। কিন্ত গ্রামের মুসল্লিরা শুক্রবার জুম্মার নামাজের আগে মসজিদ চত্তরে বসে ওমর মালিথাকে সভাপতি ও আব্দুল মজিদকে সাধারন সম্পাদক করে একটি পরিচালনা কমিটির ঘোষনা দেন। এতে ক্ষীপ্ত হয়ে পড়ে লালনের পরিবার। লালন সরাসরি মসজিদে এসে নব গঠিত কমিটি না মানার ঘোষনা দেন। এবং হুমকি-ধামকি দিতে থাকেন।

মুসল্লিরা সময় হয়ে যাওয়ায় নামাজে দাঁড়িয়ে পড়েন। ইমাম নাামজ শুরু করে দেন। এ সময় লালনের বাড়ির ছাদ থেকে মসিজদকে লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করা শুরু হয়। এভাবেই নামাজ শেষ হয়। এরপর মুসল্লিরা মসজিদ থেকে বেরিয়ে লালনের বিরুদ্ধে মিছিল বের করেন। মুহুর্তেই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। দু‘পক্ষ মুখোমুখি অবস্থান নেয়। খবর পেয়ে প্রাগপুর ক্যাম্পের পুলিশ ঘটনাস্থলে উপস্থিত হয়ে পরিস্থিত নিয়ন্ত্রনে আনে।

ক্যাম্পের আইসি এসআই আমিরুল ইসলাম জানান, মসজিদের কমিটি গঠনকে কেন্দ্র করে দুই পক্ষ বিরোধে জড়িয়ে উত্তপ্ত পরিস্থিতির সৃষ্টি করে। পুলিশ গিয়ে পরিস্থিত নিয়ন্ত্রনে নিয়েছে। আলাপ-আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের জন্য বলা হয়েছে।

মসজিদের ইমাম মৌলানা ইব্রাহিম জানান, একটি পরিবার সব সময় মসজিদের নিয়ন্ত্রন করায় মসজিদের কোন উন্নয়ণ হচ্ছিল না। এ জন্য গ্রামের মুসল্লিরা মসজিদের উন্নয়নের জন্য নতুন কমিটি গঠনের চেষ্টা করছে। তিনি জানান, পুরো গ্রামের লোক একদিকে। আর এর বিরোধীতা করছে শুধু লালনের পরিবার।

লালন মন্ডল জানান, মসিজদে আমরা জমি দিয়েছি। কিন্ত গ্রামের কিছু লোক আমাদের না জানিয়ে কমিটি গঠন করছে। মসজিদকে লক্ষ করে ইট নিক্ষেপের ঘটনা তিনি অস্বীকার করেন।

[redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

[redacted], [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

সন্ত্রাসীরা। সেই ঘটনায় বেশ কয়েকজনকে আসামি করে থানায় মামলা করা হয়।